# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৯০

১/ বিবিধ

---

আরবী

حب قريش إيمان، وبغضهم كفر، وحب العرب إيمان، وبغضهم كفر، ومن أحب العرب فقد أحبني، ومن أبغض العرب فقد أبغضني

ضعيف جدا

رواه العقيلي في " الضعفاء " (451) والطبراني في " الأوسط " (2306) عن معقل بن مالك قال: حدثنا الهيثم بن جماز قال: حدثنا ثابت عن أنس مرفوعا

وقال الطبراني

" لم يروه عن ثابت إلا الهيثم "

وقال العقيلي

" حديثه غير محفوظ، قال ابن معين: ضعيف "

وقال النسائي في " الضعفاء والمتروكين " (30)

" متروك الحديث "

وقال الهيثمي في " المجمع " (10/23)

" رواه البزار (وفي مكان آخر 10/53 : الطبراني في " الأوسط ") ، وفيه الهيثم بن جماز وهو متروك "

وأخرج الحاكم (4/87) منه قوله

" حب العرب إيمان، وبغضهم نفاق ". وقال: صحيح الإسناد "

ورده الذهبي بقوله

" قلت: الهيثم متروك، ومعقل ضعيف "
قال في " الفيض "
" قال العراقي في " القرب ": لكن له شاهد من حديث ابن عمر في " المعجم الكبير
" للطبراني "
قلت: وهو ضعيف، ومع ضعفه فلا يؤثر في المشهو د له لشدة ضعفه كما هو معروف
ثم إن شهادته قاصرة، فإن لفظه
لا يبغض العرب مؤمن، ولا يحب ثقيفا إلا مؤمن

বাংলা

১১৯০। কুরাইশদেরকে ভালবাসা ঈমানের অন্তর্ভুক্ত আর তাদেরকে ঘৃণা করা কুফরী। আরবদেরকে ভালবাসা ঈমানের অন্তর্ভুক্ত আর তাদেরকে ঘৃণা করা কুফরী। যে ব্যক্তি আরবদেরকে ভালবাসল সে আমাকে ভালবাসল আর যে ব্যক্তি আরবদেরকে ঘৃণা করল সে আমাকে ঘৃণা করল।

হাদিসটি খুবই দুর্বল।

হাদীসটি ওকায়লী "আয-যুয়াফা" গ্রন্থে (৪৫১) ও ত্ববারানী “আল-মুজামুল আওসাত” গ্রন্থে (২৩০৬) মাকাল ইবনু মালেক হতে, তিনি হুশাইম ইবনু জাম্মায হতে, তিনি সাবেত হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

ত্ববারানী বলেনঃ সাবেত থেকে হুশাইম ব্যতীত অন্য কেউ বর্ণনা করেননি। ওকায়লী বলেনঃ তার হাদীস নিরাপদ নয়। ইবনু মাঈন বলেনঃ তিনি দুর্বল। ইমাম নাসাঈ "আযযুয়াফা অল-মাতরূকীন" গ্রন্থে (৩০) বলেনঃ তিনি মাতরূকুল হাদীস।

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (১০২৩) বলেনঃ হাদীসটি বাযযার [অন্যত্র (১০/৫৩) বলেনঃ ত্ববারানী "আল-মুজামুল আওসাত" গ্রন্থে] বর্ণনা করেছেন। এর সনদে বর্ণনাকারী হুশাইম ইবনু জাম্মায রয়েছেন, তিনি মাতরূক। হাকিম তার থেকে নিম্নলিখিত ভাষায় হাদীসটি বর্ণনা করে (৪/৮৭) বলেনঃ "আরবদেরকে ভালবাসা ঈমানের অন্তর্ভুক্ত আর তাদেরকে ঘৃণা করা মুনাফেকী।” হাদীসটির সনদ সহীহ। তার এ কথার প্রতিবাদ করে হাফিয যাহাবী বলেনঃ হুশাইম মাতরুক আর মাকাল দুর্বল।

হাফিয ইরাকী "আল-কুরব" গ্রন্থে বলেনঃ তবে ত্ববারানী "আল-মু’জামুল কাবীর" গ্রন্থে ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত হাদীসে তার শাহেদ রয়েছে।

আমি (আলবানী) বলছিঃ তিনি দুর্বল। দুর্বল হওয়া সত্ত্বেও সাক্ষীমূলক হাদীসের ক্ষেত্রে তা কোন প্রভাব ফেলবে না বেশী দুর্বল হওয়ার কারণে। এ ছাড়া তার সাক্ষ্য প্রদানমূলক বর্ণনাটা পূর্ণাঙ্গ নয় বরং অসম্পূর্ণ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72069

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন